

## কুমিল্লা মহানগর কলেজ এইচএসসির ফরম পূরণ নিয়ে অনিশ্চয়তায় ৩০ পরীক্ষার্থী

উৎকর্ষায় অভিভাবকরা

প্রতিনিধি, কুমিল্লা

কুমিল্লায় এইচএসসির ফরম পূরণ নিয়ে অনিশ্চয়তায় পড়েছে কুমিল্লা মহানগর কলেজের ৩০ শিক্ষার্থী। শিক্ষা বোর্ডের দেয়া পত্রের আলোকে এবং প্রাতিষ্ঠানিক মালিকানা ঘন্থের ক্ষেত্র ধরে শিক্ষার্থীরা এ ভোগান্তির শিকার হচ্ছেন বলে জানা গেছে। এতে শিক্ষার্থীদের অভিভাবকরাও সন্তানদের ভবিষ্যৎ জীবন নিয়ে চরম উৎকর্ষার মধ্যে রয়েছেন। শিক্ষার্থীরা ফরম পূরণের দাবিতে গত বুধবার জেলায় আদর্শ সদর উপজেলার দুর্গাপুর এলাকার আলেকজান মেমোরিয়াল হাইস্কুল অ্যান্ড কলেজে ভিডিও জমায় এবং অবস্থান কর্মসূচি পালন করে। জানা গেছে, মাস্ত্র (বিডি) সফর ও স্বর্ণদান সমবায় সমিতির উদ্যোগে প্রায় ৩ বছর আগে প্রতিষ্ঠিত হয় কুমিল্লা মহানগর কলেজ। ওই সময় থেকে নগরীর নজরুল এডিনিউ এলাকার নাহার প্রাঙ্গণ অস্থায়ীভাবে দায়িত্বরিত কার্যক্রম পরিচালিত হয়ে আসছিল। প্রতিষ্ঠানটির বোর্ড কর্তৃক পাঠদানের অনুমতি না থাকায় জেলার আদর্শ সদর উপজেলার আলেকজান মেমোরিয়াল হাইস্কুল অ্যান্ড কলেজের নামে ওই কলেজের শিক্ষার্থীদের রেজিস্ট্রেশনসহ তারা পরীক্ষা দিয়ে আসছিল। পরে সদর দক্ষিণ উপজেলার কলেজের দেয়া ঠিকানায় শিক্ষা মন্ত্রণালয় ও শিক্ষা বোর্ড থেকে কলেজের কোড ও আইআইএন নাথার এবং গত ৩০ জুলাই এ কলেজ কুমিল্লা শিক্ষা বোর্ড থেকে পাঠদানের অনুমতি লাভ করে। পরে কলেজের অস্থায়ী কার্যালয়টি সদর দক্ষিণ উপজেলার পদুয়ার বাজার এলাকায় স্থানান্তরের বিষয়ে গত ১৯ আগস্ট বোর্ডের চেয়ারম্যান বরাবরে আবেদন করেন কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ মো. আনিসুর রহমান। পরবর্তীতে নজরুল এডিনিউ থেকে পদুয়ার বাজার এলাকায় কলেজটি স্থানান্তর করা হয়। এরই মধ্যে গত ১৪ ডিসেম্বর কুমিল্লা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান পদুয়ার বাজারে কলেজের কার্যক্রম স্বত্ব করতে কলেজ অধ্যক্ষের নিকট পত্র প্রেরণ করেন। কুমিল্লা মহানগর কলেজের অধ্যক্ষ মো. আনিসুর

রহমান জানান, বোর্ড কর্তৃপক্ষের দেয়া এ পত্রকে পূঁজি করে একটি কুচক্রিমহল নাহার প্রাঙ্গণ কলেজের কার্যক্রম চলছে বলে স্থানীয় একাধিক পত্রিকায় সতর্কীকরণ বিজ্ঞপ্তি দিয়ে প্রতিষ্ঠানটির ভাবমূর্তি ক্ষুণ্ণসহ শিক্ষার্থী ও তাদের অভিভাবকদের বিভ্রান্ত করার অপচেষ্টা চালাচ্ছে। প্রভাবশালী একটি মহলের যোগসাজশে কলেজটির তুঁয়া কর্তৃপক্ষ দাবি করে আলেকজান মেমোরিয়াল হাইস্কুল অ্যান্ড কলেজের অধ্যক্ষকে চাপ প্রয়োগের মাধ্যমে এইচএসসি পরীক্ষার্থীদের রেজিস্ট্রেশন ফরম নিয়ে আসে এবং নাহারপ্রাঙ্গণ দিয়ে ফরম পূরণের কাজ সম্পন্ন করার জন্য শিক্ষার্থীদের নির্দেশনা দেয়। শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন আলেকজান মেমোরিয়াল হাইস্কুল অ্যান্ড কলেজের নামে হওয়ায় শিক্ষার্থীরা সেখানে ফরম পূরণ করতে গিয়েও তা পারেনি। এতে শিক্ষার্থীরা ফরম পূরণ নিয়ে অনিশ্চয়তার মধ্যে পড়েছে। তবে এ বিষয়ে আলেকজান মেমোরিয়াল হাইস্কুল অ্যান্ড কলেজের অধ্যক্ষ মো. আবদুল মান্নান জানান, কুমিল্লা মহানগর কলেজ পাঠদানের অনুমতি না থাকায় মানবিক কারণে আমাদের কলেজের নামে শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন করা হয়েছিল। কুমিল্লা মহানগর কলেজের বৈধ প্রতিনিধি দাবি করে নাহার প্রাঙ্গণ সব শিক্ষার্থীর রেজিস্ট্রেশন কার্ড এইচএসসি পরীক্ষার ফরম পূরণের কথা বলে নিয়ে যায়। আমাদের কলেজের নামে হওয়া রেজিস্ট্রেশন কার্ডধারী শিক্ষার্থীরা ওই স্থানে নির্দিষ্ট সময়ে ফরম পূরণে ব্যর্থ হলে ম্যানেজিং কমিটির সভাপতির সিদ্ধান্ত অনুযায়ী পরবর্তী পদক্ষেপ নেয়া হবে। এ বিষয়ে কুমিল্লা শিক্ষা বোর্ডের কলেজ পরিদর্শক তরুণ কুমার সরকার জানান, বিষয়টি আমার জানা নেই। শিক্ষার্থী-অভিভাবক এবং কলেজের কর্তৃপক্ষ বিষয়টি লিখিতভাবে অবহিত করেনি। এরপরও যদি কোন শিক্ষার্থী বা তার অভিভাবক আমাদের জানায় তাহলে বোর্ডের বিধি অনুযায়ী ফরমপূরণে নিয়মতান্ত্রিকভাবে প্রয়োজনীয় পদক্ষেপ নেয়া হবে। এক্ষেত্রে শিক্ষার্থী ও তাদের অভিভাবকদের উৎকর্ষার কোন কারণ নেই।